আল-লাজনাতুশ শারইয়্যাহ লিদ-দাওয়াতি ওয়ান-নুসরাহ
اللجنة الشرعية للدعوة والنصرة
উচ্চতর ইসলামী আইন গবেষণা বিভাগ
fatwaa.org

ফাতওয়া নাম্বার: ৫৯৯ প্রকাশকালঃ১৩-১০-২০২৫ ইং

দারুল হারবে জামাতে সালাত আদায় করা কি জরুরি?

প্রশ্ন:

দারুল হারবে কি জামাতে সালাত আদায় করা জরুরি? দলীল-প্রমাণসহ জানানোর অনুরোধ রইল।

মুহাম্মাদ সাজ্জাদ

উত্তর:

দারুল হারবেও জামাতে সালাত আদায় করা জরুরি। রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসালাম এবং সাহাবায়ে কেরাম দারুল হারবে জামাতের সঙ্গে সালাত আদায় করেছেন। সহীহ বুখারী ও সহীহ মুসলিমের হাদীসে এসেছে,

عن ابن عباس رضي الله عنهما، في قوله تعالى: [ولا تجهر بصلاتك ولا تخافت بها] {الإسراء: 110} قال: نزلت ورسول الله صلى الله عليه وسلم مختف بمكة، كان إذا صلى بأصحابه رفع صوته بالقرآن، فإذا سمعه المشركون سبوا القرآن ومن أنزله ومن جاء به، فقال الله تعالى لنبيه صلى الله عليه وسلم: [ولا تجهر بصلاتك] أي بقراءتك، فيسمع المشركون فيسبوا القرآن [ولا تخافت

بها] عن أصحابك فلا تسمعهم، [وابتغ بين ذلك سبيلا]. -صحيح البخاري (6/ 87 رقم: 4722) صحيح مسلم (1/ 329 رقم: 446)

"ইবনে আব্বাস রাযিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি মহান আল্লাহর বাণী– 'সালাতে স্বর উচ্চ করবে না এবং অতিশয় ক্ষীণও করবে না' (ইসরা, ১৭: ১১০)—এ প্রসঙ্গে বলেন, 'এ আয়াত যখন নাযিল হলো তখন রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম মক্কায় গোপনে শরীয়ত পালন করতেন। তিনি যখন সাহাবীগণকে নিয়ে সালাত আদায় করতেন, উচ্চস্বরে তিলাওয়াত করতেন। তখন মুশরিকরা কুরআন, কুরআন এর অবতীর্ণকারী এবং বাহক সবাইকে গালমন্দ করত। এরই প্রেক্ষিতে আল্লাহ তাআলা নবীজীকে বলে দিলেন, আপনার সালাত অর্থাৎ আপনার কিরাআত এমন উচ্চস্বরে পড়বেন না। এতে মুশরিকরা শুনতে পেয়ে কুরআন সম্পর্কে গালমন্দ করবে। আর এ কুরআন আপনার সাহাবীদের কাছে এত ক্ষীণ স্বরেও পড়বেন না, যাতে আপনার কিরাআত তাঁরা শুনতে না পায়। বরং উভয়ের মাঝামাঝি পন্থা অবলম্বন করবেন।" -সহীহ বুখারী, হাদীস: ৪৭২২; সহীহ

মুসলিম, হাদীস: ৪৪৬ আরো দেখুন, সহীহ বুখারী, হাদীস: ৪১২৫; সহীহ মুসলিম, হাদীস: ৮৪০; সুনানে নাসায়ী, হাদীস: ১৫৪৯; ফাতহুল বারী: ৭/৪২০; সীরাতে ইবনে হিশাম: ১/২৬৩

والله تعالى أعلم بالصواب

-আবু মুহাম্মাদ আব্দুল্লাহ আলমাহদি (উফিয়া আনহু)

২০-০৪-১৪৪৭ হি.

১৩-১০-২০২৫